

ডাকসু নির্বাচনে প্রার্থী বেশি আইন অনুষদের



মাজহারুল ইসলাম রবিন

প্রকাশ: ২৩ আগস্ট ২০২৫ | ০১:৩৬



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে খসড়া প্রার্থী তালিকা প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ৪৬২ প্রার্থীর মনোনয়ন প্রাথমিকভাবে বৈধ ঘোষণা করেছে ডাকসু ও হল সংসদ নির্বাচন কমিশন। ভিপি, জিএস, এজিএসসহ সম্পাদক পদে সবচেয়ে বেশি প্রার্থী হয়েছেন আইন বিভাগ থেকে।

সদস্যপদ ছাড়া অন্য প্রার্থীদের তালিকা বিশ্লেষণ করে দেখা যায়, আইন বিভাগের ১৫ জন বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর পরের অবস্থান আরবি ও ইসলামিক স্টাডিজ বিভাগের। এই দুই বিভাগের ১১ জন করে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

ভিপি পদে ৩০টি বিভাগের ৪৮ জন প্রার্থী হয়েছেন। এর মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তিনজন, সমাজবিজ্ঞান বিভাগের ২, আরবি বিভাগের ৩, ইংরেজি বিভাগের ২, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ২, উন্নয়ন অধ্যয়ন বিভাগের ১, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের একজন আছেন। এ ছাড়া ইসলামিক স্টাডিজ বিভাগের ৬ জন, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের ১, প্রাণিবিদ্যা বিভাগের ১, দর্শন বিভাগের ২, ভাষাবিজ্ঞান বিভাগের ১, ভূগোল ও পরিবেশ বিভাগের ৩, মনোবিজ্ঞান বিভাগের ১, পরিসংখ্যান বিভাগের ২, ম্যানেজমেন্ট বিভাগের ১, লোকপ্রশাসন বিভাগের ২, উর্দু বিভাগের ২, ফারসি ভাষা ও সংস্কৃতি বিভাগের ১, মার্কেটিং বিভাগের একজন প্রার্থী হয়েছেন। অপরাধ বিজ্ঞান বিভাগের একজন, যোগাযোগ বৈকল্য বিভাগের ১, ইতিহাস বিভাগের ১, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ১, আইন বিভাগের ১, সংস্কৃত বিভাগের ১, জাপানিজ স্টাডিজ বিভাগের ১, জাপানিজ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কালচার বিভাগের ১, ভাস্কর্য বিভাগের ১ এবং ফলিত গণিত বিভাগের একজন প্রার্থী হয়েছেন।

জিএস পদে ১৪টি বিভাগের ১৯ জন প্রার্থী রয়েছেন। এর মধ্যে আইন বিভাগের একজন, নৃবিজ্ঞান বিভাগের ২, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ২ জন, মার্কেটিং বিভাগের ২, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ২, ইংরেজি বিভাগের একজন প্রার্থী হয়েছেন। এ ছাড়া ইংলিশ ফর স্পিকার্স অব আদার ল্যাঙ্গুয়েজ (ইসোল) বিভাগের একজন, ভূতত্ত্ব বিভাগের ১, বাংলা বিভাগের ১, পরিসংখ্যান বিভাগের ১, দর্শন বিভাগের ২, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের ১ এবং লোকপ্রশাসন বিভাগের একজন প্রার্থী হয়েছেন।

এজিএস পদে ২৩ বিভাগের ২৮ জন প্রতিদ্বন্দ্বিতা করবেন। এর মধ্যে জাপানিজ স্টাডিজ বিভাগের একজন, দর্শন বিভাগের ২, ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের ১, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২, আরবি বিভাগের ১, পরিসংখ্যান বিভাগের ১, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ১, সমাজবিজ্ঞান বিভাগের ৩, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১, বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের ১, ইসলামিক স্টাডিজ বিভাগের একজন প্রার্থী হয়েছেন। এ ছাড়া শিল্পকলার ইতিহাস বিভাগের একজন, লোকপ্রশাসন বিভাগের ১, আইন বিভাগের ১, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ১, রসায়ন বিভাগের ১, ফিন্যান্স বিভাগের ১, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের ২, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের ১, নাট্য ও প্রদর্শন কলা অধ্যয়ন বিভাগের ১, পপুলেশন সায়েন্স বিভাগের ১, মার্কেটিং বিভাগের ১ এবং পদার্থবিজ্ঞান বিভাগের একজন প্রতিদ্বন্দ্বিতা করবেন।

বিষয় : ডাকসু